

মিন এমপিও শিক্ষকদের আমরণ অনশন আজ থেকে

■ সমকাল প্রতিবেদক
বেসরকারি ৭ হাজার শিক্ষাপ্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) এমপিওভুক্তির দাবিতে ফের আন্দোলনে নেমেছেন মন-এমপিও শিক্ষক-কর্মচারীরা। এরই অংশ হিসেবে গতকাল সোমবার রাজধানীর শহীদ মিনারে কয়েক ঘন্টা অবস্থান ধর্মঘট পালন করে তারা। পরে পুদিনের উচ্ছেদের মুখে তারা সরে যেতে বাধ্য হন। দাবি আদায়ে আজ মঙ্গলবার শহীদ মিনারেই সকাল ১১টা থেকে লাগাতার আন্দোলন ও আমরণ অনশনের ঘোষণা দেন মন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের সভাপতি অধ্যক্ষ মো. এশরাত আলী।

গতকাল সকাল ১১টার দিকে শহীদ মিনারে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের ব্যানারে ৫ সতীর্ষিক শিকড় অবস্থান নেন। ওরুতেই পুদিন তাদের বাধা দেয়। পরে ১টা পর্যন্ত অবস্থানের অনুমতি দিলে শিক্ষকরা তাদের কর্মসূচি শুরু করেন। দুপুর ২টার দিকে পুদিনের বাধার মুখে শিক্ষকরা শহীদ মিনার থেকে সরে যান। পরে সেখান থেকেই নতুন কর্মসূচি ঘোষণা করেন তারা।

জানতে চাইলে এশরাত আলী বলেন, এমপিওভুক্তির দাবিতে দীর্ঘদিন ধরে আমরা আন্দোলন-সংগ্রাম করে আসছি। এর আগে আন্দোলন চলাকালে শিক্ষামন্ত্রীসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আমাদের একাধিকবার আলোচনা হয়েছে। একই সঙ্গে দাবি পূরণে ধর্মী দফায় দফায় আমাদের আশ্বাসও দিয়েছেন। কিন্তু সে আশ্বাসের বাস্তব প্রতিফলন আজ পর্যন্ত হয়নি। তিনি বলেন, এমনকি প্রধানমন্ত্রীর দফতর থেকে আলোচনার চিঠি পাওয়ার পরও অজ্ঞাত কারণে বৈঠক হয়নি। তাই বাধা হয়ে আমরা আন্দোলনে নেমেছি। দাবি পূরণ না হওয়া পর্যন্ত প্রয়োজনে এখানেই (শহীদ মিনার) কোরবানির সৈন্য করব। এশরাত আলী আশা প্রকাশ করে বলেন, সরকার তার মেয়াদ পূর্তির আগেই ১ লাখ ১০ হাজার শিক্ষকের এমপিওভুক্তির বিষয়ে সুনির্দিষ্ট ঘোষণা দেবে।